



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।
www.bbagc.edu.bd

তারিখ : ০২/০৭/২০২৩ খ্রি.

২০২০-২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজে ২০২০-২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীকে জানানো যাচ্ছে যে, বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয়ে www.admissions.nu.edu.bd website থেকে আবেদন ফরম ডাউনলোড করে ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রাদি এবং নির্ধারিত টাকার রশিদ কলেজের ক্যাশ কাউন্টার থেকে সংগ্রহ করে ক্যাশিয়ারের স্বাক্ষরসহ উত্তরা ব্যাংক, চৌরাস্তা শাখায় ১,৪৫০/- (এক হাজার চারশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে উক্ত টাকার রশিদসহ ০২/০৭/২০২৩ থেকে ১৩/০৭/২০২৩ তারিখ পর্যন্ত অনলাইন থেকে আবেদন ফরম সংগ্রহ করে আগামী ১৬/০৭/২০২৩ ইং তারিখের মধ্যে ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রাদি কলেজ অফিস কাউন্টারে জমা দিতে হবে। সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন ভর্তি কার্যক্রম চলবে।

ফিসের পরিমাণ = ১,৪৫০/-

১। ভর্তির যোগ্যতা :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে। এছাড়া প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ন্যূনতম ৪০০ নম্বরের পাঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ২.০০ থাকতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের সুযোগ পাবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স প্রোগ্রামের জন্য প্রণীত সিলেবাস অনুযায়ী ২০২০-২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হবে।
- প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতীহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ।
- আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

২। শর্তাবলি :

- প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া যাবে না।
- শিক্ষার্থীগণকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয় একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে।
- কোন শিক্ষার্থী একই সময় একাধিক কোর্সে কিংবা একাধিক বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তিজনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।

৩। পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র ক্রমানুসারে সাজিয়ে সংযুক্ত করতে হবে :

- অনলাইনের আবেদন ফরম।
- স্নাতক (পাস)/সম্মান পরীক্ষা পাশের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- স্নাতক (পাস)/সম্মান পরীক্ষা পাশের সাময়িক সনদ ও নম্বরপত্রের ফটোকপি।
- দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকারনামার কপি।
- টাকা জমার রশিদ।

অধ্যক্ষ
০২/০৭/২৩

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

অধ্যক্ষ
২১/৭/২৩

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।